

তথ্য কমিশনে ২০-০৫-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০৬ টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৫ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে পিরোজপুর পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক (জোন-৫), সিলেট সিটি কর্পোরেশনের সচিব, তেজগাঁও উন্নয়ন সার্কেলের নাসিরাবাদ ইউনিয়ন পরিষদের সচিব, লক্ষীপুর চন্দ্রগঞ্জের ১১ নং হাজিরপাড়া ইউনিয়ন পরিষদের সচিব এবং কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলা আনসার ভিডিপি অফিসারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সহকারী ওয়াকফ প্রশাসক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, পটুয়াখালী পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সোনালী ব্যাংক লিমিটেড মতিঝিল প্রধান কার্যালয় এসআইএস এন্ড স্টাটিসটিক্স ডিভিশনের উপ-মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

২০-০৫-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd